

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৩৪

১/ বিবিধ

### আরবী

أطعموا نساءكم في نفاسهن التمر، فإنه من كان طعامها في نفاسها التمر خرج ولدها ذلك حليما، فإنه كان طعام مريم حين ولدت عيسى، ولوعلم الله طعاما هو خير لها من التمر أطعمها إياه

موضوع

أخرجه الخطيب (8 / 366) من طريق داود بن سليمان الجرجاني حدثنا سليمان بن عمرو عن سعد بن طارق عن سلمة بن قيس مرفوعا.

ذكره في ترجمة الجرجاني ثم روى عن ابن معين أنه قال فيه: كذاب.

قلت: وقد سبق له حديث موضوع قريبا (229) ، وشيخه في هذا الحديث سليمان بن عمرو وهو النخعى كذاب أيضا.

والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (3 / 27) من هذا الوجه وقال: سليمان النخعى وداود كذابان.

وعقب عليه السيوطي في " اللآليء " بقوله (2 / 244) : قلت: داود توبع.

ثم ساقه من رواية ابن منده من طريق حامد بن المسور حدثنا الحسن بن قتيبة حدثنا سليمان بن عمرو النخعي به، وأخرجه أبو نعيم في " الطب " من طريق حامد بن المسور.

قلت: وهذه المتابعة لا تجدي لأنها تدور على سليمان النخعي الكذاب أيضا باعتراف السيوطي فكأنه يعترف بوضع هذا الحديث، لكنه قد روي بإسناد آخر ضعيف ولفظه



# قريب من هذا فانظر الحديث الآتي (263) ، وقد جزم ابن القيم في " المنار " (ص 25) بوضعه فقال: هو بوصف الأطباء والطرقية أشبه وأليق

#### বাংলা

২৩৪। তোমাদের রমণীদের নেফাসের রক্ত প্রবাহিত হওয়া কালীন খেজুর খাওয়াবে, কারণ যে নারীর খাদ্য তার নেফাসের সময়ে শুকনা খেজুর হবে তার সন্তান বুদ্ধিমান হয়ে বের হবে। কারণ এটি মারইয়াম-এর খাদ্য ছিল। যখন তিনি ঈসাকে প্রসব করেন, তখন তার জন্য আল্লাহ যদি শুকনা খেজুরের চাইতেও উত্তম খাবার সম্পর্কে জানতেন, তাহলে তাই তাঁকে খাওয়াতেন।

#### হাদীসটি জাল।

হাদিসটি খাতীব বাগদাদী (৮/৩৬৬) দাউদ ইবনু সুলায়মান জুরজানী সুত্রে (তার জীবনী বর্ণনা করার সময়) সুলায়মান ইবনু আমর হতে ... উল্লেখ করেছেন। অতঃপর দাউদ সম্পর্কে বলেছেনঃ তার সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ তার আরেকটি হাদীস পূর্বে ২২৯ নম্বরে আলোচনা করা হয়েছে। তার শাইখ সুলায়মান ইবনু আমর, তিনি হচ্ছেন নাখ'ঈ। তিনিও মিথ্যুক।

ইবনুল জাওয়ী "আল-মাওয়ু"আত" গ্রন্থে (৩/২৭) বলেনঃ সুলায়মান আন-নাখ'ঈ এবং দাউদ তারা দু'জনই মিথ্যুক।

সুয়ূতী তার সমালোচনা করে "আল-লাআলী" গ্রন্থে (২/২৪৪) বলেছেনঃ ইবনু মান্দার বর্ণনা হতে দাউদ-এর মুতাবায়াত পাওয়া যায়।

আমি (আলবানী) বলছিঃ সেটির সনদে রয়েছেন সুলায়মান ইবনু আমর আন-নাখ'ঈ। সুয়ূতী নিজেই এ সুলায়মান মিথ্যক তা স্বীকার করেছেন। অতএব তিনি যেন স্বীকার করেছেন হাদীসটি জাল।

ইবনুল কাইয়্যিম আল-জাওযিয়াহ "আল-মানার" গ্রন্থে (২৫) দৃঢ়তার সাথে বলেছেনঃ হাদীসটি জাল।

#### হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন